

ঢাকা ওয়াসা

বিষয় :- ঢাকা ওয়াসার চিকিৎসা ঋণ প্রদান কমিটির সভার সম্মানী প্রদান প্রসঙ্গে।

০১। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

০২। নথিতে সংযুক্ত কাগজপত্র সদয় দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার শ্রম ও কল্যাণ বিভাগের চিকিৎসা ঋণ প্রদান কমিটির সভার আহ্বায়ক, সদস্য/সদস্য-সচিব, সহযোগী কর্মকর্তা ও সহায়ক কর্মচারীদের সম্মানী পুনঃনির্ধারণ করা হয়েছে (পত্র ক্রমিক নং-০২)। কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক উক্ত কমিটির সভা বিভিন্ন সময়ে অনুষ্ঠিত হয়ে থাকে। এক্ষেত্রে কমিটির সদস্যগণকে সম্মানী ভাতা প্রদান করা হয়। বর্ণিত কমিটির ০৬ (ছয়) জন আহ্বায়ক ও সদস্য/সদস্য-সচিবগণের সম্মানী বাবদ $(৫,০০০ \times ০৬) = ৩০,০০০/-$ টাকা, ০১ জন সহযোগী কর্মকর্তা (৭ম থেকে ৯ম গ্রেড) এর সম্মানী বাবদ ২,০০০/- টাকা, ০৩ জন সহায়ক কর্মচারী (১৩তম থেকে ১৬তম গ্রেড) এর সম্মানী বাবদ $(১,০০০ \times ০৩) = ৩,০০০/-$ টাকা, ০১ জন সহায়ক কর্মচারী (১৭তম থেকে ২০তম গ্রেড) এর সম্মানী বাবদ $(৮০০ \times ০১) = ৮০০/-$ এবং স্টেশনারী মালামাল ক্রয় বাবদ ১,০০০/- টাকাসহ সর্বমোট $(৩০,০০০ + ২,০০০ + ৩,০০০ + ৮০০ + ১,০০০) = ৩৬,৮০০/-$ (ছত্রিশ হাজার আটশত) টাকা প্রয়োজন। চিকিৎসা ঋণ কমিটির প্রতি সভায় সম্মানী প্রদান বাবদ ৩৬,৮০০/- (ছত্রিশ হাজার আটশত) টাকা উপ-সচিব, শ্রম ও কল্যাণ বিভাগ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদান করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে চিকিৎসা ঋণ কমিটির প্রতি সভায় সম্মানী প্রদান বাবদ ৩৬,৮০০/- (ছত্রিশ হাজার আটশত) টাকা উপ-সচিব, শ্রম ও কল্যাণ বিভাগের অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে অনুমোদন করা যেতে পারে। পরবর্তীতে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

ASCL&W)

অরুণ কুমার পোদ্দার
সহকারী সচিব (অঃ পঃ)
শ্রম ও কল্যাণ বিভাগ
ঢাকা ওয়াসা।

শাহিদা কানিজ
উপ-সচিব
শ্রম ও কল্যাণ বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ শাহজাহান রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

DMD (HR & Admin)
(প্রতিনিধিত্ব কর্মকর্তা)

ড. মুহা. মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অঃ পঃ)

(প্রতিনিধিত্ব কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

Website: www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.২০৬.০০.০০.০০২.২০২৫-২৫,

তারিখ- ০৭/০৩/২৫

সভার নোটিশ

ঢাকা ওয়াসায় নিয়মিত হিসেবে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে চিকিৎসা ঋণ প্রদানের বিষয়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে চিকিৎসা ঋণ প্রদান কমিটির একটি সভা আগামী ০৯/০৯/২০২৫ খ্রি. তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকায় কমিটির আহ্বায়ক ও উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। কমিটির সম্মানিত সদস্যগণকে নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শাহিদা কানিজ

উপ-সচিব

শ্রম ও কল্যাণ বিভাগ

ঢাকা ওয়াসা

ও

সদস্য-সচিব

চিকিৎসা ঋণ প্রদান কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- (১) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা ও আহ্বায়ক, চিকিৎসা ঋণ প্রদান কমিটি।
- (২) সচিব, ঢাকা ওয়াসা ও সদস্য, চিকিৎসা ঋণ প্রদান কমিটি।
- (৩) প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা ও সদস্য, চিকিৎসা ঋণ প্রদান কমিটি।
- (৪) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা ও সদস্য, চিকিৎসা ঋণ প্রদান কমিটি।
- (৫) সিনিয়র মেডিক্যাল অফিসার, মেডিক্যাল সেন্টার, ঢাকা ওয়াসা ও সদস্য, চিকিৎসা ঋণ প্রদান কমিটি।

স্মারক নং-৪৬.১১৩.২০৬.০০.০০.০০২.২০২৫-

তারিখ-

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা (আপায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি।

উপ-সচিব

শ্রম ও কল্যাণ বিভাগ

ঢাকা ওয়াসা।